ই-মেইল হতে প্রাপ্ত

বাংলাদেশ স্কাউটস জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০।

তারিখঃ ০২ বৈশাখ ১৪৩২ / ১৫ এপ্রিল ২০২৫

পত্র নং বাঃ স্কাঃ ( জনসংযোগ ও মার্কেটিং)/ ২২৬৮(৬)/২০২৫

জনাব মোঃ এহছানুল হক
আহবায়ক
এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস
ও
সিনিয়র সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাংলাদেশ সচিবালয়।

বিষয়ঃ ৮ম বাংলাদেশ স্কাউটস ফটো কনটেস্ট ২০২৫ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে "প্রধান অতিথি" হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন সম্পর্কীয়।

মহোদয়,

বাংলাদেশ স্কাউটস এর জনসংযোগ ও মার্কেটিং বিভাগের উদ্যোগে **৮ম বাংলাদেশ স্কাউটস ফটো কনটেস্ট ২০২৫** আয়োজন করা হয়েছে। **৮ম বাংলাদেশ স্কাউটস ফটো কনটেস্ট-২০২৫** এ মোট ১৮ জন ইউনিট লিডার এবং ২৭ জন রোভার স্কাউট অংশগ্রহণ করেছেন। গত ০২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত "জনসংযোগ ও মার্কেটিং বিষয়ক জাতীয় উপ কমিটির" ২য় সভার ৬.১ নং সিদ্ধান্ত অনুযায়ী **৮ম বাংলাদেশ স্কাউটস ফটো কনটেস্ট-২০২৫** এর ছবি বাছাই এর জন্য "ছবি বাছাই কমিটি" গঠন করা হয়। বাছাই কমিটি গত ০৭-১০ মার্চ, ২০২৫ তারিখ পর্যন্ত জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে অনুষ্ঠিত "বেসিক ফটোগ্রাফি কোর্সে" এই ফলাফল চুড়ান্ত করেছে। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ০৫ জন ইউনিট লিডার এবং ০৫ জন রোভার স্কাউট কে পুরস্কৃত করা হবে।

উক্ত ফটো কনটেস্ট -এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান আগামী ০৬ মে, ২০২৫ (মঙ্গলবার) বিকালঃ ০৪.০০ মিনিটে বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের "শামস হলে" অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে "প্রধান অতিথি" হিসেবে আপনাকে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানাই।

শ্রদ্ধান্তে,

(স্বাক্ষরিত) ১৫/৪/২৫

(মোঃ শামসুল হক)
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)
বাংলাদেশ স্কাউটস।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থেঃ
১। সদস্য সচিব, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস;
২। আহবায়ক, জনসংযোগ ও মার্কেটিং বিষয়ক জাতীয় উপ কমিটি, বাংলাদেশ স্কাউটস;
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ;
৪। সহকারী পরিচালক (আইসিটি, সাধারণ সেবা ও সদস্য সচিব মহোদয়ের প্রটোকল অফিসার), বাংলাদেশ স্কাউটস;
৫। সহকারী পরিচালক (প্রশাসন ও আহবায়ক মহোদয়ের প্রটোকল অফিসার), বাংলাদেশ স্কাউটস;
৬। অফিস কপি।

আহবায়ক এর দপ্তর
বাংলাদেশ স্কাউটস

| | |
|---|---|
| | সদস্য সচিব |
| | নির্বাহী পরিচালক |
| | একান্ত সচিব |
| | স্টাফ অফিসার |
| | |
| ডায়রি নম্বর: | |
| তারিখ: | ২৭.০৪.২৫ |
| স্বাক্ষর | |